Prof. (Dr.) Manik Saha

CHIEF MINISTER OF TRIPURA
AGARTALA - 799010

৫৫-তম জাতীয় সুরক্ষা দিবস ও জাতীয় সুরক্ষা মাস উপলক্ষে মাননীয় মুখ্যমন্ত্রী বার্তা

ত্রিপুরা সরকারের ফ্যাক্টরীজ এন্ড বয়লার্স্ অর্গানাইজেশনের উদ্যোগে আগামী ৪ঠা মার্চ ২০২৬ তারিখে সারাদেশের সাথে রাজ্যেও পালিত হবে ৫৫-তম জাতীয় সুরক্ষা দিবস এবং জাতীয় সুরক্ষা মাস (৪ঠা - ৩১শে মার্চ) । কলকারখানায় কর্মরত শ্রমিকদের পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সচেতনতার মানোন্নয়নই এই সুরক্ষা দিবস তথা সুরক্ষা মাস পালনের মূল লক্ষ্য ।

জাতীয় নিরাপত্তা দিবস এবং মাস পালনের উদ্দেশ্য হল বিভিন্ন কারখানায় কর্মরত শ্রমিক ভাইদের মধ্যে নিরাপত্তা সচেতনতা বৃদ্ধি করা যাতে জীবন ও সম্পত্তির ক্ষতি রোধ করা যায়। দুর্ঘটনায় শ্রমিকদের ব্যক্তিগত জীবন ও তাঁদের পরিবারের ক্ষতি যেমন হয়, তেমনি শিল্পক্ষেত্রও ক্ষতিগ্রস্ত হয়, এর ফলে জাতীয় অগ্রগতি ও সমৃদ্ধি ব্যাহত হয় । তাই উৎপাদন প্রক্রিয়ায় যুক্ত শ্রমিক ও মালিক সকলকেই দুর্ঘটনা সম্পর্কে সচেতন থাকতে হবে এবং সুরক্ষা বিধি কঠোরভাবে মেনে চলতে হবে । নিজেদের সচেতনতার পাশাপাশি অন্যদেরকেও সচেতন করতে এগিয়ে আসবেন বলে প্রত্যাশা করছি ।

দুর্ঘটনা প্রতিরোধে বিভিন্ন সময়ে ফ্যাক্টরীজ এন্ড বয়লার্স্ অর্গানাইজেশনের জারি করা নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করা প্রয়োজন । একইসাথে কতৃপক্ষকেও বিভিন্ন আইন ও নিয়মবিধির সঠিক বাস্তবায়নে নিয়মিত নজরদারি রাখতে হবে ।

''বিকশিত ভারত ২০৪৭''- স্বাধীনতার শতবর্ষে ভারতকে উন্নত রাষ্ট্রে পরিণত করার অঙ্গীকার বাস্তবায়নে শ্রমিক ও মালিক উভয়ের সম্মিলিত প্রচেষ্টা অপরিহার্য । সেই কারণেই এ বছরের জাতীয় সুরক্ষা দিবস ও জাতীয় সুরক্ষা মাসের মূল থিম নির্ধারণ করা হয়েছে -

''নিরাপত্তা বৃদ্ধিতে জনগণকে সম্পৃক্ত করুন, শিক্ষিত করুন এবং ক্ষমতায়ন করুন''

আমি আন্তরিকভাবে আহ্বান জানাচ্ছি - দুর্ঘটনা প্রতিরোধে সংশ্লিষ্ট সবাই যেন সুরক্ষা বিধি মেনে চলে । আসুন, আমরা সবাই মিলে জাতীয় সুরক্ষা দিবস ও জাতীয় সুরক্ষা মাসকে কর্মক্ষেত্রে নিরাপত্তা ও সুস্থতার জন্য এক কার্যকর মাইলফলক হিসেবে প্রতিষ্ঠিত করি ।

প্রফেসর ডাঃ মানিক সাহা

Office: Room No. 1312, New Capital Complex, Agartala - 799010, Tripura
Phone: 0381-2414000, 2414003, 2414318, Fax: 2413201, e-mail: cmoffice-tr@gov.in